www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**UPSC CSE 2017 MAINS PAPER 7 NOVEMBER 03, 2017 BENGALI OPTIONAL PAPER - II QUESTION PAPER**

# বাংলা

## প্রশ্নপত্র—II

( সাহিত্য )

| সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (**1**) এবং পঞ্চম (**5**) প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

## PAPER—II

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) যাঁহা যাঁহা ভাঙ্গুর ভাঙ্‌ বিলোল।
তাঁহা তাঁহা উছলই কালিন্দী হিলোল॥
যাঁহা যাঁহা তরল বিলোকন পড়ই।
তাঁহা তাঁহা নীল উতপল বন ভরই॥

(b) কৃষ্ণপ্রাপ্ত্যের উপায় বহুবিধ হয়।
কৃষ্ণপ্রাপ্ত্যের তারতম্য বহুত আছয়॥
কিন্তু যার যেই ভাব—সে-ই সর্বোত্তম।
তটস্থ হঞা বিচারিলে আছে তরতম॥

(c) করি স্নান সিন্ধুনীরে, রক্ষোদল এবে
ফিরিলা লঙ্কার পানে, আর্দ্র অশ্রুনীরে—
বিসর্জ্জি প্রতিমা যেন দশমী দিবসে!
সপ্ত দিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে॥

(d) জীবের শত্রু জীব; মনুষ্যের শত্রু মনুষ্য; বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী।

(e) দেখালে সমুখে প্রসারিয়া কর
পশ্চিমপানে অসীম সাগর,
চঞ্চল আলো আশার মতন
কাঁপিছে জলে।

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) "গোবিন্দদাসকে বিদ্যাপতির ভাবশিষ্য বলা হয়।" গোবিন্দদাস ও বিদ্যাপতির পদ বিশ্লেষণ করে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন। 20

(b) "তাঁহার কৃতিত্ব কেবল বস্তুসঞ্চয়ে নহে, বাস্তবরসের পরিবেশন-নৈপুণ্যে।" মুকুন্দের 'চণ্ডীমঙ্গল কাব্য' প্রসঙ্গে সমালোচকের এই অভিমতের তাৎপর্য কোথায় তা ব্যাখ্যা করুন। 20

(c) 'চণ্ডীমঙ্গল কাব্য'-এ কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী পশুগণের যে দুর্দশার চিত্র অঙ্কন করেছেন তার তাৎপর্য বুঝিয়ে দিন। 10

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলা অবলম্বনে 'রাগানুগা ভক্তি'র লক্ষণ, ভেদ ও সাধন সম্পর্কে আপনার ধারণাটি লিপিবদ্ধ করুন। 15

(b) পাশ্চাত্ত্য নারী চরিত্রের আদর্শে আঁকা হলেও, প্রমীলার প্রাণশক্তিটি প্রাচ্য নারীর। প্রমীলার মধ্যে এই দুই ভিন্ন আদর্শের সমন্বয় কীভাবে করেছেন মধুসূদন, 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে দেখান। 20

(c) 'ছিন্নপত্রাবলী'র মধ্যে 'গল্পগুচ্ছ'-এর বীজ কোথায় কোথায় খুঁজে পাওয়া যায়, উদাহরণসহ আলোচনা করুন। 15

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''‘কপালকুণ্ডলা’ বিষয়রহস্যে, সাংকেতিকতায়, কাব্যময়তায়, উপন্যাস-সম্মত চরিত্রসৃষ্টিতে, ভাব ও ভাষার সুসংগতিতে বঙ্কিমের রোমান্টিক কল্পনার শ্রেষ্ঠ শিল্পসম্পদ।'' আলোচনা করুন। 20

(b) ‘সাম্য’ প্রবন্ধে প্রতিফলিত বঙ্কিমচন্দ্রের সাম্যনীতির পরিচয় দিন। 15

(c) ‘মানসসুন্দরী’ এবং ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় যে নারীর কথা পাওয়া যায়, রবীন্দ্রনাথের কবিতায় সে নারীর ভূমিকা ‘সোনার তরী’ কাব্য রচনাপর্বে কীভাবে প্রকাশ পেয়েছে, উক্ত কবিতা দুটির ভিত্তিতে তার পরিচয় দিন। 15

## SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) কপালখানা যেন সাতমহলা বাড়ির সিংহদ্বার! বাহু দুটো কোন্ দুর্গম দুর্গের লোহার অর্গল। মনে হল যেন রামায়ণ-মহাভারত থেকে নেমে এসেছে কেউ।

(b) মিথ্যা দিয়ে, চাতুরী দিয়ে, রচিয়া গুহাবাস
পৌরুষেরে কোরো না পরিহাস।
বাঁচাতে নিজ প্রাণ
বলীর পদে দুর্বলেরে কোরো না বলিদান।

(c) সাহিত্য মানবজীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরূক করে তোলা।

(d) সৃষ্টির নাড়ীর ’পরে হাত রেখে টের পাওয়া যায়
অসম্ভব বেদনার সাথে মিশে র’য়ে গেছে অমোঘ আমোদ;

(e) অরণ্য ও পাহাড় এদের মনকে মুক্তি দিয়াছে, দৃষ্টিকে উদার করিয়াছে—এদের ভালবাসাও সে অনুপাতে মুক্ত, দৃঢ়, উদার। মন বড় বলিয়া এদের ভালবাসাও বড়।

6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ‘রক্তকরবী’র রাজা প্রসঙ্গে রবীন্দ্রনাথ বলেছেন, ''এক দেহেই রাবণ ও বিভীষণ''। রাজা চরিত্র বিচার প্রসঙ্গে মন্তব্যটি ব্যাখ্যা করুন। 15

(b) ''ভিতরের দিকের মননজাত অভিজ্ঞতা এদের পেয়ে বসেছে।'' ‘নবজাতক’ কাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্য উদাহরণসহ বুঝিয়ে দিন। 15

(c) ''একটি অগ্নিদাহের ঘটনা ‘গৃহদাহ’ উপন্যাসের ঘটনাধারাকে নতুনভাবে পরিচালিত করেছে।'' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার প্রসঙ্গে মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করুন। 20

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'কাব্যে অশ্লীলতা—আলংকারিক মত' প্রবন্ধ অনুসারে সাহিত্যে অশ্লীলতা বিষয়ে প্রমথ চৌধুরীর অভিমতটি জানান। 15

(b) কতকগুলি ঘটনা জুড়ে জুড়ে তৈরি হয়েছে 'আরণ্যক' উপন্যাসটি। আর কথক সত্যচরণের অভিজ্ঞতায় ধরা আছে সেই ঘটনাগুলি। উপন্যাসের এই গঠন-বৈশিষ্ট্য নিয়ে একটি নিবন্ধ রচনা করুন। 15

(c) 'হারাণের নাতজামাই' এবং 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প দুটির বক্তব্য লেখকের কোন্ মানসিকতার পরিচয় বহন করছে তা নির্দেশ করুন। 20

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'শ্রেষ্ঠ কবিতা' অবলম্বনে চিত্রকল্প বা ইমেজ নির্মাণে কবি জীবনানন্দের কৃতিত্ব বিচার করুন। 15

(b) 'এবং ইন্দ্রজিৎ' নাটক অবলম্বনে বাদল সরকার যে নতুন ধরনের নাটক নির্মাণ করলেন তার বৈশিষ্ট্যগুলি নির্দেশ করুন। 15

(c) 'জাগরী' উপন্যাসের চারটি চরিত্র একটি ঘটনাকে কেন্দ্র করে তাঁদের মনের কথা বলে গেছেন। উপন্যাস রচনার এই কৌশলটির পরিচয় আপনার অভিমতসহ প্রদান করুন। 20

★★★